



হাতি সম্পর্কে কিছু তথ্য:

১. হাতি দীর্ঘ-জীবী প্রাণী যারা বৃহৎ এলাকা জুড়ে বিচরণ করে
২. হাতি জল ও খাবারের সন্ধানে এক এলাকা থেকে অন্য এলাকায় যায়
৩. হাতি কেবল মাত্র জঙ্গলের ভিতর বাস করে না, তারা মানুষের বসতি ও চা বাগান ও ব্যবহার করে
৪. হাতি বিভিন্ন ফসল ও ঘরে জমানো অন্নের খোঁজে বসতিতে আসে, এই প্রকার ক্ষতি কমানোর উপযুক্ত পদ্ধতি অবলম্বন করা আমাদেরই দায়িত্ব
৫. হাতির প্রবল বুদ্ধিমান জীব, আমাদের মতো তাদের পরিবার থাকে, তারাও দুঃখ, রাগ ও ভয় অনুভব করে, আমরা যদি হাতির প্রতি উগ্র আচরণ করি, তাহলে তারাও আমাদের প্রতি আক্রমণাত্মক হবে
৬. জঙ্গলের বৃদ্ধিতে হাতি এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। জঙ্গলের বাস্তুতন্ত্র, গাছপালার প্রসার এবং জল সংরক্ষণে হাতির ভূমিকা অপরিহার্য

হাতি জড়িত দুর্ঘটনা থেকে বাঁচার উপায়:

১. প্রতিনিয়ত লোকালয়ে হাতির উপস্থিতির ব্যাপারে সতর্ক থাকুন, এবং তাদের থেকে দূরত্ব বজায় রাখুন
২. অন্ধকারে আপনি অজান্তে হাতির নিকট চলে যেতে পারেন, তাই রাত্রিবেলায় বিশেষ ভাবে সতর্কতা অবলম্বন করুন। বাইরে বেরোলে সর্বদা টর্চ ব্যবহার করুন
৩. সূর্যোদয়ের পূর্বে টয়লেট গেলে হাতির উপস্থিতির ব্যাপারে সতর্ক থাকুন, নিজের বাড়িতে শৌচাগার বানিয়ে নেওয়া সবচেয়ে উপযুক্ত।
৪. চা-বাগান কর্তৃপক্ষ ও পঞ্চায়েত কে অনুরোধ করুন চলাচলের রাস্তায় আলো লাগানোর জন্যে, যাতে দুর্ঘটনা এড়ানো যায়
৫. কোনোমতে মদ্যপ অবস্থায় হাতি কে তাড়াতে যাবেন না ও কাউকে যেতে দেবেন না, তাহলে দুর্ঘটনার সম্ভাবনা বাড়বে
৬. হাতিকে রাস্তা দিন, তাদের আটকাবেন না, ছবি তুলতে তাদের নিকট যাবেন না, রাস্তায় হাতি দেখলে তাদের সরে যাওয়ার জন্যে অপেক্ষা করুন

হাতির থেকে ফসল বাঁচানোর উপায়:

১. যদি হাতি ক্ষেতে প্রবেশ করে, তাহলে হাতি তাড়াতে যাবেন না, মদ্যপ অবস্থায় হাতি তাড়াতে গেলে হতাহতের সম্ভাবনা বহুগুণ বেড়ে যায়।
২. ক্ষেতের চারিদিকে সোলার বিদ্যুতের ঘেরা দিয়ে ফসল বাঁচানো সম্ভব
৩. ক্ষেতের চারিদিকে বেড়া জালে টিনের ক্যান ও কাঁচের বোতল ঝুলিয়ে রাখুন যাতে হাতি প্রবেশ করতে চাইলে আওয়াজ হয়ে এবং আপনি সতর্ক হওয়ার সুযোগ পান
৪. গ্রাম বাসীদের সংঘটিত করে ক্ষেতের পাহারা দেওয়ার দল গড়ে তুলুন, মানুষ সজাগ থাকলে সেই স্থান দিয়ে হাতি প্রবেশ করবে না
৫. ঘরের ভেতরে জমানো আনাজ, হাড়িয়া ইত্যাদি রাখলে হাতি ঘর ভাঙতে পারে, গ্রামের একটি সার্বজনীন গুদাম ঘরে বা মিডডে মিল ঘরে সবার আনাজ রাখুন এবং তার চারিদিকে সোলার বিদ্যুৎ এর তার ও ট্রেঞ্চ বানাতে হাতি ঘর ভাঙতে পারবে না
৬. বাড়িতে, যেই ঘরে আনাজ থাকে সেই ঘরে কেউ শোবেন না যাতে ঘর ভাঙলে কেউ আহত না হয়ে

হাতির সাথে শান্তিপূর্ণ সহাবস্থান এর উপায়:

১. হাতির আচরণের এবং তাদের জল খাওয়ার পথ আটকাবেন না
২. হাতি আইনত সুরক্ষিত, তাদের ক্ষতি করলে কারাবাস ও জরিমানা হবে
৩. হাতি এবং মানুষের উভয়ের ক্ষতি কমিয়ে সহাবস্থান সম্ভব যদি আমরা হাতিদের বোঝার চেষ্টা করি ও তাদের চাহিদার সম্মান করি
৪. হাতি দেখলে পঞ্চায়েত ও বন দপ্তর কে SMS এর মাধ্যমে সতর্ক করুন, যাতে তারা স্থানীয় মানুষকে সাবধান করতে পারে